



গ্রামীণ কৃষি মৌসম সেবা  
ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ  
বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়  
মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



## কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 13-08-2024

মেদিনীপুর-পূর্ব(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-08-13 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-08-14	2024-08-15	2024-08-16	2024-08-17	2024-08-18
বৃষ্টিপাত (মি:মি:)	13.0	25.0	28.0	11.0	8.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	33.0	33.0	31.0	30.0	32.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	27.0	26.0	26.0	25.0	27.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	84	84	82	83	82
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	66	74	66	63	62
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	21	19	22	17	16
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	202	202	207	238	225
মেঘের অবস্থা (ওকটা)	8	8	8	8	8

### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী ১৪ থেকে ১৬ই আগস্ট ভারী বৃষ্টির পূর্বাভাস আছে এবং বাকি দিনগুলি হালকা বৃষ্টির পূর্বাভাস আছে। আগামী ৫ দিন আকাশ মূলত মেঘলা থাকবে। বাতাস ১৬-২২ কিমি বেগে দক্ষিণপশ্চিম দিক থেকে বয়ে যাওয়ার পূর্বাভাস আছে। সর্বোচ্চ তাপমাত্রা ৩০ থেকে ৩৩ ডিগ্রী এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৬ থেকে ২৭ ডিগ্রী থাকার পূর্বাভাস আছে। আগামী ৫ দিন বাতাসের আর্দ্রতা সর্বোচ্চ ৮২-৮৪% এবং সর্বনিম্ন ৬২-৭৪% থাকার পূর্বাভাস আছে।

### সাধারণ পরামর্শাবলী::

দীর্ঘমেয়াদ পূর্বাভাস অনুযায়ী বিগত ২৫শে জুলাই থেকে ৩১শে জুলাই বৃষ্টিপাত স্বাভাবিক পরিলক্ষিত হয়েছে এবং ১লা থেকে ৭ই আগস্ট স্বাভাবিকের থেকে বেশী বৃষ্টিপাত হয়েছে। আগামী দুই সপ্তাহে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। সর্বোচ্চ তাপমাত্রার ক্ষেত্রে আগামী প্রথমওদ্বিতীয় সপ্তাহে স্বাভাবিকের থেকে বেশী থাকার পূর্বাভাস আছে এবং সর্বনিম্ন তাপমাত্রার ক্ষেত্রে প্রথমওদ্বিতীয় সপ্তাহে স্বাভাবিকের থেকে সামান্য বেশি থাকার পূর্বাভাস আছে। ভারী বৃষ্টির পূর্বাভাস আছে আগামী ৩ দিন। পান বরজে এবং টিপি নালা পদ্ধতিতে লাগানো সঙ্কির জমিতে যেন জল না জমে। পান বরজে স্যাঁতস্যাঁতে আবহাওয়ার জন্য আংরি রোগ আটকাতে বরদিউত্র মিশ্রণ প্রয়োগ করুন। স্যাঁতস্যাঁতে আবহাওয়ার জন্য গবাদী পশুর মুখে ও পায়ে ঘা এর প্রতিকার করতে গোয়াল পরিচ্ছন্ন এবং শুকনো রাখুন এবং ক্ষতস্থান পটাশিয়াম পারম্যাঙ্গানেট জলে গুলে ওয়াশ করে দিতে হবে।

### বার্তামূলক পরামর্শ:

ভারী বৃষ্টির পূর্বাভাস আছে আগামী ৩ দিন, আপাতত দু দিনের জন্য স্প্রে বন্ধ রাখতে হবে। পান বরজ এবং স্ক্রির জমিতে নিকাশি নালা যেন প্রস্তুত থাকে

### ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	আমন ধান আগে রোপণ করা ধান এখন পাশকাঠি ছাড়ছে, পরে রোপণ করা ধান এখন শারীরবৃত্তীয় বৃদ্ধি দশায় আছে। • চারার মধ্যে সঠিক দূরত্বে বজায় রাখুন যাতে পরে খোলা ধ্বসা রোগের সম্ভবনা কমবে। • যেখানে ৩-৪ দিন আগে রোপণ করা হয়েছে সেখানে এখন বালির সাথে আগাছানাশক প্রেটিলাক্লোর প্রয়োগ করুন। • আগাছানাশক জমির আলেও দিতে হবে। • জমির আল ঠিক রাখুন জল ধরে রাখার জন্য। • যেখানে ২-৩ সপ্তাহ আগেই নিচু জমিতে রোপণ হয়ে গেছে সেখানে প্রথম চাপান সার হিসেবে বিঘাপ্রতি ১২ কেজি ইউরিয়া প্রয়োগ করুন। • কখনই জমিতে জলের অপর সরাসরি ইউরিয়া প্রয়োগ করবেন না, কাদা মাটির সাথে মিশিয়ে বল বানিয়ে সারারাত রেখে তারপ দিন জলা ধরা জমিতে প্রয়োগ করতে হবে।

### উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
কাঁকরোল	বেগুন, লক্ষা, ঝিঙ্গে, চিচিঙ্গা, উচ্ছে, ভিন্ডি ফুল দশা চলছে অতি বৃষ্টির জমা জলে গাছ ব্যাক্টেরিয়াঘটিত ঢলে পড়া রোগের আক্রমণ হচ্ছে • নালা কেটে গোঁড়ার জমা জল বার করে দিন। • গোঁড়ায় জলজমা বন্ধ করতে টিপি নালা পদ্ধতিতে গাছ বসাতে হবে। • জল বার করে দেবার পর সিস্টেমিক ব্যাক্টেরিয়া নাশক প্ল্যাঙ্কটমাইসিন ২-৩ গ্রাম প্রতি ১০ লিটার জলে মিশিয়ে পরিষ্কার আবহাওয়ায় স্প্রে করতে হবে।

### পোল্ডি বিশেষ পরামর্শাবলী::

পোল্ডি	পোল্ডি বিশেষ পরামর্শাবলী:
মুরগি	মুরগী বৃষ্টির কারণে ছত্রাকের সংক্রমণ • মুরগীর খামারে লিটার শুকনো রাখুন। • ছত্রাকের সংক্রমণ আটকাতে চূণ প্রয়োগ করুন। • এখন শুধু শুকনো খাবার দিন ও জলের পাত্রের সংখ্যা কমিয়ে দিন। • লিটার যেন পাতলা থাকে।